

নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধী 'অর্থনৈতিক শুমারি ২০২৩' প্রকল্পের লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে শুধুমাত্র মনিরামপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	১) ন্যূনতম এমএ/মাস্টার্স পাস হতে হবে। ২) স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) ২৫/০২/২০২৪ তারিখে বয়স ৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৪) বিভিন্ন শুমারিতে সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে। ৫) আবেদন ফরম <a href="http://manirampur.jessore.gov.bd">manirampur.jessore.gov.bd</a> এই ঠিকানায় অথবা উপজেলা পরিসংখ্যান অফিস থেকে সংগ্রহ করা যাবে।
০২	তালিকাকারী/তথ্য সংগ্রহকারী	১) ন্যূনতম বিএ/অনার্স পাস হতে হবে। ২) স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) ২৫/০২/২০২৪ তারিখে বয়স ৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৪) বিভিন্ন শুমারিতে সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে। ৫) আবেদন ফরম <a href="http://manirampur.jessore.gov.bd">manirampur.jessore.gov.bd</a> এই ঠিকানায় অথবা উপজেলা পরিসংখ্যান অফিস থেকে সংগ্রহ করা যাবে।

বিঃদ্র: উল্লিখিত নির্দেশনা প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত নির্দেশনা পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- ১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়, মনিরামপুর থেকে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২) লিস্টিং অপারেশনে ট্যাবের অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় তালিকাকারীকে অবশ্যই স্মার্টফোন পরিচালনায় দক্ষতা থাকতে হবে।
- ৩) প্রত্যেক তালিকাকারীকে কমপক্ষে ৫ টি গ্রামের তথ্য সংগ্রহ করতে হবে।
- ৪) লিস্টিং অপারেশন কাজে নিয়োজিত তালিকাকারী কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৫) লিস্টিং অপারেশন/মূল শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ৬) আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ- ২৫/০২/২০২৪ খ্রি:
- ৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৮) সাক্ষাতকারের তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি: (বুধবার) ইউনিয়ন: রোহিতা, কাশিমনগর, ভোজপাতি, ঢাকুরিয়া, হরিদাসকাটি, মনিরামপুর।  
০৪/০৩/২০২৪ খ্রি (সোমবার ইউনিয়ন: খেদাপাড়া, হরিহরনগর, বাঁপা, মন্সিমনগর চালুয়াহাটি, শ্যামকুড়।  
০৬/০৩/২০২৪ খ্রি (বুধবার) ইউনিয়ন: খানপুর, দুর্বাডাশা, কুলটিয়া, নেহালপুর মনোহারপুর, মনিরামপুর পৌরসভা।
- ৯) সাক্ষাতকারের সময় ও স্থান: প্রতিদিন সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত। উপজেলা পরিষদ হলরুম।
- ১০) প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ১১) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। একইসাথে কাজের সময় মোবাইলের মাধ্যমে জানানো হবে।
- ১২) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৩) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(জাকির হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার ও  
সভাপতি  
উপজেলা শুমারি/জরিপ কমিটি  
মনিরামপুর, যশোর